128

দৈনিক সংবাদ

তারিখ ... 25 DEC 1997 ...
পৃষ্ঠা ১ কলাম ৮ ......

### ছাত্রলীগের অন্তর্দ্বন্দ্ব

# বিএম কলেজে ১ জনকে হত্যা

বরিশাল, ২৪শে ডিসেম্বর (জেলা বার্তা পরিবেশক)।– বরিশাল জেলা ছাত্রলীগের অন্তর্দলীয় কোন্দলের জের হিসেবে আজ বেলা সাড়ে ১১টায় বিএম কলেজ ক্যাম্পাসে জসীম গ্রুপের সশস্ত্র ক্যাডাররা মামুন গ্রুপের ক্যাডার মোস্তাক হোসেনকে (১৮) কুপিয়ে গুরুতর আহত করে। মোস্তাক মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থাকাবস্থায় অতিরিক্ত রক্তক্ষরণের কারণে মারা গেছে।

বিএম কলেজে ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বরিশাল জেলা ছাত্রলীগ (শাপা) প্রকাশ্যে দ্বিধাবিভক্ত হয়ে যায়। জেলা আওয়ামী লীগ জসীম গ্রুপকে সমর্থন করে। মামুন গ্রুপ বিদ্রোহী গ্রুপ হিসেবে পরিচিতি লাভ করে। দুই গ্রুপের সংঘর্ষের জন্য ছাত্র সংসদ নির্বাচন অনির্দিষ্টকালের জন্য স্থগিত হয়ে গেলেও দু' গ্রুপের মধ্যে রেষারেষি চলতে থাকে। গত ১৭ই ডিসেম্বর মামুন গ্রুপের সশস্ত্র ক্যাডাররা মোস্তাক ডিগ্রি হোস্টেলে জসীম গ্রুপের সমর্থক কিসলুর ওপর হামলা চালায়। তারই প্রতিশোধ নিতে জসীম গ্রুপের ১০/১২ জনের সশস্ত্র

হত্যা ঃ পৃঃ ৭ কঃ ৩

### হত্যা ঃ কুপিয়ে

(১ম পৃষ্ঠার পর)

ক্যাডার আজ কলেজের ইন্টারমিডিয়েট ব্লকের সামনে মোস্তাকের ওপর হামলা চালায়।

মোস্তাকের ওপর হামলার সংবাদ ছড়িয়ে পড়ার সাথে সাথে কলেজ ক্যাম্পাসে উত্তেজনা বেড়ে যায়। ক্যাম্পাসে পুলিশ বাহিনী নিয়োগ করা হয়েছে।

কলেজের অধ্যক্ষ জানান, ক্যাম্পাস পরিস্থিতি খুবই খারাপ। ২৫ ও ২৬শে ডিসেম্বর সরকারি ছুটি। ২৭শে ডিসেম্বর রমজান উপলক্ষে কলেজ বন্ধ ঘোষণা করা হবে।

বিএম কলেজ ছাত্রসংসদের সাবেক ভিপি, জিসি ও ছাত্রলীগ নেতা মেজবাহউদ্দীন জুয়েল ও বলরাম পোদ্দার ঘটনার জন্য ছাত্রদলের সন্ত্রাসীদের দায়ী করেছে। ছাত্রঐক্য ঘটনার নিন্দা জানিয়ে দোষী ব্যক্তিদের শাস্তি দাবি করেছে।